দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 FEB 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

# ইসলামী বিশ্ববিদ্যালয়ঃ ৪ ও ৫ ফেব্রুয়ারী গাজীপুরে হরতাল আহ্বান

গাজীপুরের সংবাদদাতা জানান ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর হইতে কুষ্টিয়ার শান্তিডাঙ্গায় স্থানান্তর সিদ্ধান্ত আগামী ৫ই ফেব্রুয়ারীর মধ্যে প্রত্যাহার করা না হইলে ৬ই ফেব্রুয়ারী হইতে গাজীপুরে অনির্দিষ্টকালের জন্য হরতাল ও অবরোধ কর্মসূচী ঘোষণা করা

(১১শ পৃঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

হইয়াছে। সর্বদলীয় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ কমিটির এক বিরাট জনসভা গতকাল (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। প্রতিরোধ কমিটির সদস্য মীর হালিমুজ্জামান ননীর সভাপতিত্বে অনুষ্ঠিত জনসমাবেশে সর্ব দলীয় প্রতিরোধ কমিটির আহ্বায়ক গাজীপুর পৌরসভা চেয়ারম্যান আ ক ম মোজাম্মেল হক আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেন। কর্মসূচীর মধ্যে আজ (শুক্রবার) জেলার সকল মসজিদ হইতে বাদ জুমা মুসল্লীদের মিছিল ও সমাবেশ, ৩রা ফেব্রুয়ারী জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ধর্মঘট ও পথসভা, ৪ঠা ফেব্রুয়ারী সকাল হইতে ৪৮ ঘন্টা লাগাতার হরতাল ও অবরোধ এবং সমাবেশ। জনসমাবেশে ইউপি চেয়ারম্যান আহসান উল্লা মাষ্টার, এডভোকেট আজমত উল্লা খান, মুজিবুর রহমান, জালাল উদ্দিন আকবরী, মুক্তিযোদ্ধা সংসদের বাছির উদ্দিন, ছাত্রনেতা মহিউদ্দিন, শাহজাহান আলম সাজু, এ, কে ম কায়সার, জাকির হোসেন, আসাদ সিদ্দিকী, শহীদুল ইসলাম, সিরাজুল হক প্রমুখ বক্তব্য রাখেন। বিকালে অনুষ্ঠিত জনসমাবেশে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মচারী, কর্মকর্তা উপস্থিত ছিলেন। মহিলারাও মিছিল সহকারে সমাবেশে যোগদান করেন।

গতকাল সকাল হইতে বিশ্ববিদ্যালয়ের সম্মুখে সারাদিন বিক্ষোভ প্রদর্শিত হয়। বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ শিক্ষক উপস্থিত হইয়া যথারীতি ক্লাস শুরু করেন। বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ক্যাম্পাসে অনুষ্ঠিত সমাবেশে গাজীপুরে ইসলামী বিশ্ববিদ্যালয় রাখার দৃঢ় সংকল্প ঘোষণা করে। কতিপয় ছাত্র 'প্রয়োজনে রক্ত দিব তবু বিশ্ববিদ্যালয় স্থানান্তর হইতে দিব না' লিখিত সাদা গেঞ্জি বক্ষে ধারণ করে। এ সমাবেশে সভাপতিত্ব করেন নাজমুল হক সাঈদী।

### শিক্ষক-কর্মচারীদের সভা

এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ পূর্ব ঘোষিত ছুটির মেয়াদ শেষ হওয়ায় শান্তিডাঙ্গায় না গিয়া গতকাল (বৃহস্পতিবার) হইতে গাজীপুরে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু করিয়াছেন। অধিকাংশ মাত্র ক্লাসে যোগদান করে। পরে ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স ও কর্মচারী সমিতির যৌথ সভা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক, কর্মকর্তা-কর্মচারিগণ গত বুধবার ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্থানান্তর কাজ সম্পন্ন হইয়াছে বলিয়া গণ মাধ্যমে যে সংবাদ প্রচারিত হয় তাহাকে উদ্দেশ্যমূলক ও ভিত্তিহীন বলিয়া দাবী করেন। শিক্ষক, কর্মকর্তাগণ বলেন, সিণ্ডিকেট সিদ্ধান্ত ব্যতিরেকে ভিসি মনগড়াভাবে ছুটি বর্ধিত করিতে পারেন না। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুরে রাখার স্বার্থে সম্মিলিতভাবে কুষ্টিয়ায় কাজে যোগদান না করার সিদ্ধান্ত গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আবু বকর রফিক আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশ্ববিদ্যালয়ে শরীয়া অনুষদের ডীন মোঃ শফিকুল্লাহ, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ আবদুর রব, ডঃ আবদুল মান্নান প্রমুখ বক্তব্য রাখেন।

2/12